

**টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals-SDG) 'র লক্ষ্যমাত্রার ১০.৭ বাস্তবায়নে**  
**বিস্তারিত কর্ম-কৌশল নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিতব্য দিনব্যাপী কর্মশালা আয়োজনের প্রস্তুতিমূলক সভা**

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে গত ৩১ আগস্ট সকাল-১০.৩০টায় মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সভাপতিত্বে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)'র লক্ষ্যমাত্রার ১০.৭ বাস্তবায়নে লীড মন্ত্রণালয় হিসেবে এ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে বিস্তারিত কর্ম-কৌশল নির্ধারণের লক্ষ্যে আয়োজনের জন্য দিনব্যাপী কর্মশালা প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্মশালার আলোচ্যসূচী, সময়, স্থান নির্ধারণ এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয়ের উপরে বিস্তারিত আলোচনা হয়। যে সকল গুরুত্বপূর্ণ বিষয় আলোকপাত করা হয়েছে সেগুলো নিম্নরূপ:

- ১। অভিবাসন ব্যয় হ্রাস, ভিসা ট্রেডিং বন্ধ করা ও অভিবাসী প্রত্যাশীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি;
- ২। তুলনামূলকভাবে অনগ্রসর জেলা সমূহ থেকে অভিবাসীর সংখ্যা বৃদ্ধি করণের কৌশল নির্ধারণ;
- ৩। মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত অভিবাসন ব্যয়ের মধ্যেই অভিবাসীদের প্রকৃত ব্যয় সীমিত রাখার বিষয়ে মন্ত্রণালয়, রিক্রুটিং এজেন্সী, বায়রা (BAIRA) ও বিএমইটি'র সমন্বিত কর্ম-প্রচেষ্টা জোরদার করণ;
- ৪। অভিবাসন প্রক্রিয়ায় মধ্যস্থত্বভোগী তথা দালালদের দৌরাত্ম হ্রাস করণ;
- ৫। অভিবাসন ব্যয় হ্রাস, ভিসা ট্রেডিং বন্ধ করা ও দালালদের তৎপরতা বন্ধ করণ বিষয়ে বায়রা (BAIRA) শীঘ্রই একটি সুপারিশমালা এ মন্ত্রণালয়ে দাখিল করবে;
- ৬। এসডিজি ১০.৭ এর দ্বিতীয় নির্দেশক (১০.৭.২), সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বৈদেশিক কর্মসংস্থান পলিসি ২০১৬ বাস্তবায়নের জন্য একটি সমন্বিত কর্মপরিকল্পনা (CAP) প্রণয়নের বিষয়ে আইএলও (ILO) অত্র মন্ত্রণালয়কে টেকনিক্যাল সাপোর্ট প্রদান করবে।

মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত এ সভায় উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বায়রা'র সভাপতি ও মহাসচিব এবং আইএলও এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।